

## “ নোটিশ ”

বরাতঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, পরিকল্পনা শাখা -২ এর স্মারক নং-৫৮.০০.০০০০.০৯৪.৩১.০০১.২২-৩৩৪  
তারিখ-০৫/১২/২০২২ খ্রিঃ

বরাতোক্ত স্মারকপত্র মোতাবেক সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১.১২.২০২২ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকার সময় অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ হাবিবুর রহমান, সুরক্ষা সেবা বিভাগ, পরিকল্পনা শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মহোদয় সিলেট কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করবেন। পরিদর্শকালীন সময়ে কারাভ্যন্তর ও বাহিরের সমগ্র কারা এলাকায় যথাযথভাবে স্বাস্থ্য বিধি নিশ্চিত করা, সুষ্ঠু বন্দী ব্যবস্থাপনা, কারাভ্যন্তর ও বাহিরে প্রয়োজনীয় সার্বিক নিরাপত্তা বিধান, কারাগার পরিষ্কার-পরিচ্ছন্নতা, সশস্ত্র অভিবাদন প্রদানের প্রস্তুতি, ভিতর-বাহিরে গুদাম ও রন্ধনশালার সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা, প্রয়োজনীয় যাবতীয় নথি-পত্র প্রস্তুত রাখা ও চাওয়া মাত্র উপস্থাপন, প্রয়োজনীয় তথ্যাদি নির্ভুলভাবে প্রস্তুত রাখা, অস্ত্রাগার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, কারারক্ষী ব্যারাক ও আবাসিক এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ পরিদর্শনকালীন সময়ে নিজ নিজ যাবতীয় কার্যক্রম কোন প্রকার ব্যত্যয় ছাড়া সঠিক ও সুন্দরভাবে উপস্থাপন/সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। সকলকে মাস্ক পরিধানসহ ইউনিফর্মধারীদের পরিচ্ছন্ন ও পরিপাটি পোশাক পরিধানেরও নির্দেশ দেয়া হলো। পরিদর্শনকালে কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

Mongim  
০৭.১২.২০২২

(মুহাম্মদ মঞ্জুর হোসেন)

বিজে-০১৮০১১০০৫১৪

সিনিয়র জেল সুপার (ভারপ্রাপ্ত)

সিলেট কেন্দ্রীয় কারাগার-১।

E-mail: [jailsylhet@gmail.com](mailto:jailsylhet@gmail.com)

০৭.১২.২০২২

০৭.১২.২০২২